



কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ

কাঁথি, পূর্ব মেদিনীপুর

E-Mail : ho@ccbl.in, Website : www.ccbl.in, Ph. No. 03220-255180 / 255536 / 255023

নীলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাইতেছে যে, কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ এর খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত, ২০০৬ সালের পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইনের ১২২ ধারা মতে এবং ২০১১ সালের পশ্চিমবঙ্গ সমবায় সমিতির নিয়মাবলীর ১৯১(এ) বিধি অনুযায়ী পূর্ব মেদিনীপুর রেঞ্জ -২ এর সমবায় সমিতি সমূহের মাননীয় সহকারী নিয়ামক মহাশয়ের আদেশ মূলে নিযুক্ত সেল অফিসার কর্তৃক নিম্নলিখিত স্থাবর ও অস্থাবর সম্পত্তি আগামী ২৫-০৩-২০২০ তারিখে বেলা ১১-৩০ টায় কাঁথি রুপশ্রী বাই পাশ সংলগ্ন শেরপুর এতোয়ারিবাড় মৌজায় অবস্থিত নিবেদিতা হাউসিং প্রকল্প প্রাপ্তনে (পোঃ ও থানা - কাঁথি, জেলা - পূর্ব মেদিনীপুর) নীলাম হইবে।

ঋণ গ্রহীতার নাম এবং বকেয়া পাওনা	সম্পত্তির বিবরণ	সংরক্ষিত মূল্য
নিবেদিতা হাউসিং প্রাইভেট লিঃ এর পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর শ্রী দেবজিৎ মাইতি এবং অন্যান্য ডাইরেক্টরগণ শ্রীমতী সুমি মাইতি ও শ্রী অভিজিৎ মাইতি সর্ব সাং - নিবেদিতা হাউসিং মার্কেট কমপ্লেক্স চতুর্থ তল (এ) ব্লক, আটলাপড়ি, (উদয়ন সিনেমা রোড), পোঃ ও থানা - কাঁথি, জেলা - পূর্ব মেদিনীপুর, বকেয়া পাওনা ২৪-০৩-২০২০ তাং পর্যন্ত ৮,১৪,৪৮,৯৭৯.০০ (আট কোটি চৌদ্দ লক্ষ আটচল্লিশ হাজার নয় শত উনশি) টাকা মাত্র ও নীলাম সম্পন্ন হইবার দিন অবধি হাল নাগাদ সুদ ও খরচাদি।	জেলা - পূর্ব মেদিনীপুর, থানা - কাঁথি, মৌজা - শেরপুর এতোয়ারিবাড়, জে.এল. নং - ৩৭৩, খতিয়ান নং - (হাল) ৯৯৬ ও ৯৯৭, দাগ নং - (হাল) ৮৭, পরিমাণ ৫২ ডেসিম্যাল, পুকুর, দাগ নং - (হাল) ৮৯, পরিমাণ ২৬.৮ ডেসিম্যাল, বাস্তা, দাগ নং - (হাল) ১০৩, পরিমাণ ২.৬৬৬ ডেসিম্যাল, বাগান, দাগ নং - (হাল) ১০৪, পরিমাণ ২ ডেসিম্যাল, ডোবা, দাগ নং - (হাল) ১০১, পরিমাণ ২ ডেসিম্যাল, ডোবা, দাগ নং - (হাল) ১০২, পরিমাণ ২ ডেসিম্যাল, ডোবা, দাগ নং - (হাল) ১০৫, পরিমাণ ১ ডেসিম্যাল, ডোবা, দাগ নং - (হাল) ১০৬, পরিমাণ ২ ডেসিম্যাল, ডোবা, দাগ নং - (হাল) ১০৭, পরিমাণ ৪ ডেসিম্যাল, ডোবা, খতিয়ান নং - (হাল) ৩৪৪/১, ৪০১/৩ ও ১৫৮/১, দাগ নং - (হাল) ৯০, পরিমাণ ৫.৫ ডেসিম্যাল, বাস্তা মোট ৯৯.৯৬৬ ডেসিম্যাল।	ব্যাঙ্কের পরিচালক সমিতি কর্তৃক জমি সহ তদুপরি নির্মায়মান পোস্তলা কাঠামোর সংরক্ষিত মূল্য ৪,০০,০০,০০০.০০ (চার কোটি) টাকা মাত্র।

নীলাম সংক্রান্ত নিয়মাবলী

১) তপশীলের বিবরণ ঋণদাতার উৎকৃষ্ট অবগতিতে প্রদত্ত হইল। কিন্তু এই ঘোষণাপত্রে কোন ভ্রম - প্রমাদ অথবা বর্ণনা বা ত্রুটি থাকিলে তজ্জন্য ঋণদাতা দায়ী হইবে না। ২) নীলামে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশের দরখাস্ত ও ফেরৎযোগ্য জামিন স্বরূপ নগদ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা মাত্র এবং পরিচয় পত্রাদি (প্যান ও আখার কার্ড) সেল অফিসারের নিকট জমা দিতে হইবে। ৩) ডাক কি পরিমাণ বৃদ্ধি করিতে হইবে তাহা নীলামকারক কর্মচারী স্থির করিবেন। ডাকের টাকা সম্বন্ধে অথবা যে ব্যক্তি ডাক দিবেন তাহার সম্বন্ধে কোনো বিতর্ক উপস্থিত হইলে, লাট তৎক্ষণাত পুনরায় নীলাম হইবে। ৪) যে ব্যক্তির ডাক সর্বোচ্চ হইবে তাহাকে লাটের খরিদদার সাব্যস্ত করা হইবে। কিন্তু যদি সর্বোচ্চ ডাকের মূল্য স্পষ্টত এত কম হয় যে, তাহা অগ্রাহ্য করা পরামর্শসিদ্ধ হয় তবে সেল অফিসার ইচ্ছা করিলে উক্ত ডাক অগ্রাহ্য করিতে পারিবেন। ৫) খরিদদার বলিয়া সাব্যস্ত হইবার অব্যবহিত পরেই উক্ত খরিদদার ডাক মূল্যের শতকরা ২৫ ভাগ টাকা নীলামকারক কর্মচারীর নিকট জমা দিবেন এবং তাহা না হইলে উক্ত সম্পত্তি পুনরায় তৎক্ষণাত নীলামে উঠাইয়া বিক্রয় করা হইবে। ৬) সম্পত্তি নীলামের পর নীলামের তারিখ বাদে পঞ্চদশ দিনের মধ্যে ব্যাঙ্ক বন্ধ হওয়ার পূর্বে মূল্যের সমুদয় টাকা দিতে কিংবা পঞ্চদশ দিন রবিবার অথবা ছুটির দিন হইলে, পঞ্চদশ দিনের পর প্রথম কাছারির দিনে তাহা জমা দিতে হইবে। ৭) উক্ত নির্ধারিত সময়ের মধ্যে মূল্যের বাকি টাকা দেওয়া না হইলে নতুন নীলাম ইস্তাহার জারী করিয়া সম্পত্তি পুনরায় বিক্রয় করা হইবে। নীলামের খরচপত্র বাদে আমানতি টাকা ব্যাঙ্ক বাজেয়াপ্ত করিতে পারিবে এবং উক্ত সম্পত্তি উহা পরে যে মূল্যে বিক্রয় হইবে তাহার কোন অংশ উক্ত মূল্য আদায়ে ক্রটিকারি খরিদদারের কোন দাবী থাকিবে না। অন্যান্য জ্ঞাতব্য বিষয় / তথ্য ব্যাঙ্কের অফিস হইতে জানা যাইবে।

তাং: ০৬-০৩-২০২০

স্বাঃ- বিশ্বনাথ মাইতি

Sale-Officer & Inspector of Co-operative Societies, (H.Q.)

Purba Medinipur Range - II

Memo. No. 15/PBA-34/R- / 2019-20

Date: 06-03-2020

Copy forwarded for information & with a request to display the Notice at his office notice board for wide publication to:

1. The S.D.O., Contai; 2. The Addl. S.P. (Rural), Contai; 3. The S.D.P.O., Contai; 4. The Chairman, Contai Municipality;
5. The B.D.O., Contai-I; 6. The I.C., Contai Police Station; 7. The B.L.&L.R.O., Contai-I; 8. The A.D.S.R., Contai-I.

Remit: 06.03.2020